

আল কুরআন
অনন্ত করুণাময় পরম দয়ালু
আল্লাহর নামে আরম্ভ করছি
.....
আল্লাহ যাকে ইচ্ছা
বেহিসাব রিযিক দান
করেন
সূরা আল ইমরান ৩৭

দৈনিক

কীর্তনখানা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

নতুন আঙ্গিকে, অত্যাধুনিক প্রযুক্তিতে
বিশ্বমানবের সিস্টেট

প্রযুক্তি সিস্টেট
ইন্টারনেট, মাল্টিমিডিয়া, ডিজিটাল



সেবা : ০২৯৯০০৬৬৬৬৬, ০২৯৯০০২৭৭০৪

বরিশাল ॥ বৃহস্পতিবার ॥ ০৭ মে ২০২৬ ॥ ১৮ জিলকুদ ১৪৪৭ ॥ ২৪ বৈশাখ ১৪৩৩ ॥ ৯ম বর্ষ ॥ ৩৪৪ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা



**অবৈধ অস্ত্র উদ্ধার ও
ভুয়া মামলা প্রত্যাহারে
সরকার কঠোর অবস্থানে**
কীর্তনখোলা ডেস্ক
অবৈধ অস্ত্র উদ্ধার ও ভুয়া মামলা
প্রত্যাহারে সরকারের কঠোর অবস্থানের
কথা জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী
সালাহউদ্দিন ২ এর পাতায় দেখুন



**‘রূপান্তরিত গণমাধ্যম
ইকোসিস্টেম’ গড়ে
তুলবে সরকার: তথ্যমন্ত্রী**
কীর্তনখোলা ডেস্ক
তথ্য ও সম্প্রচারমন্ত্রী জহির উদ্দিন স্বপন
বলেন, ‘দ্রুত পরিবর্তিত ডিজিটাল
বাস্তবতার সঙ্গে সামঞ্জস্য রেখে একটি
‘রূপান্তরিত ২ এর পাতায় দেখুন



**বালাকোট ছিল মুসলমানদের
অতীত গৌরব ফিরিয়ে
আনার সর্বাঙ্গিক সংগ্রাম**
কীর্তনখোলা ডেস্ক
ইতিহাসে যেসব ঘটনা গ্রবাহ মুসলিম
উম্মাহকে একাবদ্ধ এবং একইসঙ্গে
নৈতিক, মানসিক, সামাজিকভাবে
উজ্জীবিত ২ এর পাতায় দেখুন



**কর্মজীবনে সর্বোচ্চ ৩ বার
বদলি হতে পারবেন
এমপিওভুক্ত শিক্ষকরা**
কীর্তনখোলা ডেস্ক
বেসরকারি স্কুল ও কলেজের
এমপিওভুক্ত শিক্ষকদের জন্য
সংশোধিত বদলি নীতিমালা জারি
করেছে ২ এর পাতায় দেখুন

খসে পড়ছে পলেশ্তারা, দেয়ালে বড় ফাটল

চরম ঝুঁকিপূর্ণ অবস্থায় বিসিসি নগর ভবন

কীর্তনখোলা রিপোর্ট

বরিশাল সিটি করপোরেশনের (বিসিসি) মূল নগর ভবনটি এখন চরম ঝুঁকিপূর্ণ অবস্থায় রয়েছে। চারতলা এই ভবনটির ছাদ থেকে নিরমিত পলেশ্তারা খসে পড়ছে। দেওয়ালে দেখা দিয়েছে বড় বড় ফাটল, যা নিয়ে কর্মকর্তা-কর্মচারী ও সেবাহীতাদের মধ্যে তীব্র আতঙ্ক সৃষ্টি করেছে। সর্বশেষ গত মঙ্গলবার দুপুরে ভবনের তৃতীয় তলায় তত্ত্বাবধায়ক প্রকৌশলীর কক্ষের ছাদ থেকে বড় একটি পলেশ্তারা খসে পড়লে অস্ত্রের জন্য বড় দুর্ঘটনা এড়াতে সক্ষম হয়। বিসিসি সূত্রে জানা গেছে, আশি ও নব্বইয়ের দশকের নকশা অনুযায়ী নির্মিত এই ভবনটির বহু অংশেই তার মোয়াদ অতিক্রম করেছে। ৪৬ শতাংশ জমির ওপর প্রথমে ৫৫ ককশিষ্ট দোতলা ভবনের নির্মাণ শুরু হলেও, ২০০২ সালে সিটি করপোরেশনে উন্নীত হওয়ার পর মূল নকশার বাইরে ভবনটি তিন তলায় সম্প্রসারণ করা হয়। বর্তমানে ভবনটিতে কক সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ৭০টিতে। মূলত সাড়ে ৪৮ জনবলের জন্য নির্মিত



এই ভবনে এখন প্রায় ১ হাজার ৬শ কর্মকর্তা-কর্মচারী কাজ করেন। প্রতিদিন গড়ে অস্তুত সাড়ে চার হাজার মানুষের যাতায়াত এখানে। এরই মধ্যে গত ৫ আগস্টের গণঅভ্যুত্থানের পর সিটি করপোরেশনের অ্যান্ডেস্ট ভবন অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত হওয়ার সেখানকার চারটি বিভাগের

কর্মক্রমও মূল ভবনে স্থানান্তর করা হয়েছে। এতে ভবনের ওপর অতিরিক্ত চাপ সৃষ্টি হয়েছে। সিটি করপোরেশনের নির্বাহী প্রকৌশলী (সিভিল) আবুল বাসার জানান, ভবনটির কোনো মূল কাঠামোগত নকশা এখন আর খুঁজে পাওয়া যাচ্ছে না। পাশাপাশি মূল কক্ষমণ্ডলোতে দেখা দেওয়া ফাটল অত্যন্ত উদ্বেগজনক। নাম প্রকাশে অনিচ্ছুক এক প্রকৌশলী জানান, সালের মেয়ার শওকত হোসেন হিরন প্রথম নগর ভবন স্থানান্তরের উদ্যোগ নিলেও মেয়াদ শেষ হয়ে যাওয়ায় তা

বাস্তবায়ন হয়নি। পরবর্তী মেয়ররাও সংস্কার ও নতুন ভবন নির্মাণের আশ্বাস দিলেও কার্যকর কোনো অগ্রগতি হয়নি। বর্তমান বরিশাল সিটি করপোরেশনের প্রশাসক ২ এর পাতায় দেখুন

**ঈদুল আজহা কবে
২৭ নাকি ২৮ মে
নিয়ে জোর আলোচনা**

কীর্তনখোলা ডেস্ক

পাকিস্তান, সংযুক্ত আরব আমিরাতসহ বিশ্বের একাধিক দেশ ইতোমধ্যে ঈদুল আজহার সন্ধ্যা তারিখ ঘোষণা করেছে। জ্যোতির্বিজ্ঞানিক হিসাব অনুযায়ী মধ্যপ্রাচ্যসহ বিভিন্ন অঞ্চলে আগামী ২৭ মে পবিত্র ঈদুল আজহা পালিত হওয়ার সম্ভাবনা রয়েছে। সেই ধারাবাহিকতায় বাংলাদেশে ঈদ উদ্‌যাপন ২৮ মে হতে পারে বলে ধারণা করা হচ্ছে। জানা গেছে, সৌদি আরবের সরকারি ক্যালেন্ডার ‘উম্মুল কুরা’ অনুযায়ী আগামী ২৭ মে দেশটিতে পবিত্র ঈদুল আজহা পালিত হওয়ার সম্ভাবনা রয়েছে। ক্যালেন্ডার অনুযায়ী, আগামী ১৬ মে আরব জিলকদ মাসের ২৯তম দিন এবং ১৭ মে হবে ৩০তম দিন। অর্থাৎ দেখানো জিলকদ মাস ৩০ দিনে পূর্ণ হবে। সে হিসাবে ১০ জিলহজ্জে ২৭ মে ২ এর পাতায় দেখুন

**মূল্যস্ফীতির কষাঘাতে পিষ্ট মধ্যবিত্ত
উন্নয়নের আড়ালে এক নিরব হাহাকার**

কীর্তনখোলা ডেস্ক
বাংলাদেশের অর্থনীতির আকাশে গত কয়েক বছর ধরেই মূল্যস্ফীতির কালো মেঘ ঘনীভূত হচ্ছে। সাধারণ মানুষের নুন আনতে পাত্তা ফুরানোর সংসারে এখন

যোগ হয়েছে নতুন এক আতঙ্ক। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর সর্বশেষ তথ্য অনুযায়ী, ২০২৬ সালের এপ্রিল মাসে মূল্যস্ফীতি আবার ৯ শতাংশের ঘর অতিক্রম করে ৯.০৪ শতাংশে দাঁড়িয়েছে। এটি কেবল একটি পরিসংখ্যান নয়, বরং কোটি কোটি মানুষের জীবনযাত্রার মান নিম্নমুখী হওয়ার এক দারিদ্রিক প্রমাণ। বিশেষ করে জ্বালানি তেলের আর্থনিক মূল্যবৃদ্ধি এই আওনের শিখায় ঘূর্তাহত দিয়েছে, যার ফলে সবচেয়ে বেশি

চাপে পড়েছে দেশের মধ্যবিত্ত ও সীমিত আয়ের মানুষ। পরিসংখ্যান বলছে, গত মার্চ মাসে মূল্যস্ফীতি ক্রিটিকা কমে ৮.৭১ শতাংশে নেমে আসলেও এপ্রিলে তা আবারও উর্ধ্বমুখী হয়েছে।

গত ছয় মাসের তথ্য বিশ্লেষণ করলে দেখা যায়, পাঁচ মাসের মূল্যস্ফীতি ৯ শতাংশের উপরে ছিল। এটি নির্দেশ করে যে, বাজার ব্যবস্থা এবং জীবনযাত্রার ব্যয় এখন আর সাধারণ নাগালের মধ্যে নেই। পরিসংখ্যান ব্যুরোর তথ্যমতে আদ্য মূল্যস্ফীতি ৮.৩৯ শতাংশ, বায়বাহির্ভূত মূল্যস্ফীতি ৯.৫৭ শতাংশ এবং জাতীয় গড় মজুরি বৃদ্ধি ৮.১৬ শতাংশ। এখানেই লুকিয়ে আছে আসল সংকট। যখন মূল্যস্ফীতি ২ এর পাতায় দেখুন



অধ্যক্ষ আ. খা. মো. আবদুর রব স্যারের লেখা

উচ্চ মাধ্যমিক ও সমমান শ্রেণির

বাংলা ব্যাকরণ ও নির্মিতি

বইটি অনন্য

বইটি প্রকাশের ভিত্তিতে রচিত, তাই উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের অধিক নব্বয় প্রাপ্তিতে সহায়ক। সম্পাদনা করেছেন: বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের বাংলা ২য়পত্র বিষয়ের প্রধান পরীক্ষক, সরকারি আদেলপাড়া কলেজের বাংলা প্রভাষক কবি, গবেষক ও সৃজনশীল গ্রন্থ প্রণেতা

পৃথিক মোস্তফা (এমফিল, ইবি)

বই পাওয়ার জন্য যোগাযোগ করুন:

01718246162, 01712189338, 01712926836

গদ্য প্রকাশন, বরিশাল

বরিশাল নগরীর যেসব স্থানে বইটি পাওয়া যাচ্ছে

বুক ডিলার সদর রোড, বরিশাল 01932-314219	ইসলামিয়া লাইব্রেরি সদর রোড, বরিশাল 01711-264963	অংকুর লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868515	অংকুর লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868514
খন্দকার লাইব্রেরি সদর রোড, বরিশাল 01711-047767	নিউ মাহবুব লাইব্রেরি সদর রোড, বরিশাল 01763-107726	রহমান বুক হাউজ সদর রোড, বরিশাল 01718-670945	মজুমদার লাইব্রেরি সদর রোড, বরিশাল 01716-139268
অমৃত লাইব্রেরি হুজুর রোড, বরিশাল 01719-408049	নিউ কলেজ লাইব্রেরি হি.এম. কলেজের সামনে 01726-074663	হক লাইব্রেরি হি.এম. কলেজের সামনে 01724-851658	আশরাফিয়া লাইব্রেরি হি.এম. কলেজের সামনে 01717-488083

**হাম-রুবেলাসহ
১০ টিকার নতুন
চালান দেশে**

কীর্তনখোলা ডেস্ক
হাম-রুবেলা, ওরাল পোলিওসহ ১০ ধরনের টিকার নতুন চালান দেশে পৌঁছেছে। বুধবার দুপুর পৌনে ১২টার দিকে ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে এই টিকা এসে পৌছায়। বিমানবন্দরে উপস্থিত থেকে চালানটি গ্রহণ করেন স্বাস্থ্যমন্ত্রী সর্দার মো. সাখাওয়াত হোসেন। হাম-রুবেলা ও ওরাল পোলিও ছাড়াও নতুন চালানে রয়েছে বিসিজি, পেন্টাভ্যালেট, পিসিডি ও টাইফয়েড টিকা। চালান গ্রহণ শেষে স্বাস্থ্যমন্ত্রী জানান, দেশে ১৫ লাখ ২ এর পাতায় দেখুন

**বাসের পর
এবার বাড়লো
লঞ্চার ভাড়া**

কীর্তনখোলা ডেস্ক
জ্বালানি তেলের দামবৃদ্ধির পরিস্থিতিতে বাসের পর বাড়লো লঞ্চভাড়াও। একজন যাত্রীর লঞ্চভাড়া কম দূরত্বে প্রতি কিলোমিটারে ১৮ পয়সা ও বেশি দূরত্বে ১৪ পয়সা বেড়েছে। কম দূরত্বে লঞ্চার ভাড়া ৬ দশমিক ৪৯ শতাংশ ও বেশি দূরত্বে ক্ষেত্রে ৫ দশমিক ৮৮ শতাংশ বাড়ানো হয়েছে। লঞ্চার ভাড়া বাড়িয়ে প্রজাপন জারি করেছে নৌপরিবহন মন্ত্রণালয়। লঞ্চভাড়া ১০০ কিলোমিটার পর্যন্ত ২ টাকা ৭৭ পয়সা থেকে ১৮ পয়সা বেড়ে ২ টাকা ৯৫ পয়সা ২ এর পাতায় দেখুন

**গাছে ঝুলছিল যুবকের
দেহ, পরনে ছিল
সালোয়ার-কামিজ**

রাস্তাবালি প্রতিনিধি
পটুয়াখালীর রাস্তাবালীতে এক যুবকের (১৭) রহস্যজনক মৃত্যু হয়েছে। ওই যুবকের শরীরে নারীদের পোশাক পরিহিত অবস্থায় গাছের সঙ্গে ঝুলন্ত মরদেহ উদ্ধার করেছে পুলিশ। বুধবার (৬ মে) উপজেলার চরমেস্তাজ ইউনিয়নের দারভাঙ্গা এলাকায় এ ঘটনা ঘটে। নিহত যুবকের নাম রিফাত গাজী। সে দারভাঙ্গা গ্রামের বাসিন্দা এবং নানার বাড়িতে বসবাস করতেন। স্থানীয় ও পারিবারিক সূত্রে জানা গেছে, নিহত রিফাত গাজী ২ এর পাতায় দেখুন



নগরীতে রাস্তা পার হতে গিয়ে অটোর ধাক্কায় শিশুর মৃত্যু

কীর্তনখোলা রিপোর্ট

বাবার সঙ্গে রাস্তা কিনতে বের হয়ে সড়ক দুর্ঘটনায় প্রাণ হারিয়েছে পুখা সাহা (৩) নামে এক শিশু। নিহত পুখা সাহা ভাটিখানার সাহাপাড়া এলাকার বাসিন্দা শাহ সাহার মেয়ে। বুধবার (৬ মে) সকাল ১০টার দিকে বরিশাল মহানগরীর

ভাটিখানা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সামনে এ দুর্ঘটনা ঘটে। এ ঘটনায় দুপুরে স্থানীয়রা নগরীতে হন্দ অটোরিকশা বন্ধের দাবিতে ভাটিখানা সড়ক অবরোধ করে এক ঘণ্টা নাগাদ বিক্ষোভ করেন। পরবর্তীতে পুলিশ এসে আশ্বাস দিলে সন্ধ্যা ২ এর পাতায় দেখুন



**চার দিন পর নিখোঁজ শানকে
কক্সবাজার থেকে উদ্ধার**

কীর্তনখোলা রিপোর্ট

বরিশাল নগরীর ভাটিখানা এলাকা থেকে নিখোঁজ হওয়া কালেক্টরেট স্কুলের সপ্তম শ্রেণির ছাত্র সৌভদ দাস শানকে (১৩) চারদিন পর কক্সবাজার থেকে উদ্ধার করা হয়েছে। বুধবার (৬ মে) রাত সাড়ে ৩টার দিকে কক্সবাজারের ঈদগাহ থানা পুলিশ স্থানীয়দের সহায়তায় তাকে উদ্ধার করে। পুলিশের প্রাথমিক ধারণা, কিশোর সৌভদ ‘শয়তানের নিরুপা’ (কোপোলামিন) নামক ২ এর পাতায় দেখুন



**স্বামী ঢাকায়, স্ত্রীর লাশ মিললো
কলাপাড়ার ভাড়া বাসায়**

কলাপাড়া প্রতিনিধি

পটুয়াখালীর কলাপাড়ায় এক গৃহবধুর মরদেহ উদ্ধার করেছে পুলিশ। বুধবার (৬ মে) বিকেল সাড়ে ৪টার দিকে কলাপাড়া পৌর শহরের সবুজবাগ এলাকার একটি বাসার নিচতলা থেকে মরদেহটি উদ্ধার করা হয়। নিহতের স্বামী মিরাজ ঢাকায় একটি বেসরকারি কোম্পানিতে কর্মরত বলে জানা যায়। মৃত মাকসুদা বেগম (৩০) চুয়াডাঙ্গা জেলার বাসিন্দা মো. মিরাজের স্ত্রী এবং উপজেলার নীলগঞ্জ ইউপির আবুল কালামের মেয়ে। মাকসুদা ও মিরাজ দম্পতির দুটি ছেলে সন্তান রয়েছে। ওই দুই সন্তানের মধ্যে বড় ছেলে ২ এর পাতায় দেখুন

**বিক্রম মিশ্রি
বাংলাদেশে ‘ইলেকশন
ইঞ্জিনিয়ারিং’ে ভারতের
সম্পৃক্ততা ছিল না**

কীর্তনখোলা ডেস্ক
অতীতে বাংলাদেশের বিভিন্ন সরকারের সঙ্গে কাজ করলেও ‘ইলেকশন ইঞ্জিনিয়ারিং’ে ভারতের কোনো সম্পৃক্ততা ছিল না বলে জানিয়েছেন দেশটির পররাষ্ট্র সচিব বিক্রম মিশ্রি। বাংলাদেশের নির্বাচনি প্রক্রিয়ায় ভারতের ভূমিকা ছিল এমন অভিযোগ নাকচ করে তিনি বলেন, বাংলাদেশের জনগণই তাদের নেতৃত্ব নির্বাচন করলে এটিই ভারতের প্রত্যাশা। নয়াদিল্লিতে সফররত বাংলাদেশি সাংবাদিকদের এক প্রতিনিধিদলের সঙ্গে মতবিনিময়কালে তিনি এসব কথা বলেন। আলোচনায় তিন্তা পানিকটন, গঙ্গা চুক্তির নবায়ন, ভিসা ব্যবস্থা, জ্বালানি

দৈনিক

কীর্তনখানা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যিক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য ঝালকাঠি জেলা: নলছিটি, রাজাপুর, পটুয়াখালী জেলা: পটুয়াখালী, ভোলা জেলা: তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, পিরোজপুর জেলা: নাজিরপুর, নেছারাবাদ ও বরিশাল জেলা: উজিরপুর প্রতিনিধি আবশ্যিক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

—মফসল সম্পাদক
০১৩০৪১৬৮৪১৯

বর্গীভবনখানা

আন্তর্জাতিক প্রতীক

বিদ্যুতের দাম বাড়ানোর

প্রস্তাব দেওয়া হয়েছে। জানা গেছে, মঙ্গলবার (৫ মে) বিদ্যুৎ বাড়ানোর প্রস্তাব নিয়ে সভা করেছে বিইআরসি। সেই সভায় প্রস্তাবটি বিবেচনায় নিয়ে বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন (বিইআরসি) ইতোমধ্যে একটি কারিগরি কমিটি গঠন করেছে। বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশনের (বিইআরসি) চেয়ারম্যান জালাল আহমেদের মতে, প্রস্তাবগুলো বর্তমানে প্রযুক্তিগত কমিটির পর্যালোচনায় রয়েছে। তবে আগামী ঈদুল আজহার আগে দাম বৃদ্ধির চূড়ান্ত সিদ্ধান্ত হওয়ার সম্ভাবনা কম। সাধারণত প্রস্তাব অনুমোদনের পর জুন মাস থেকেই নতুন দর কার্যকর হতে পারে বলে বিভিন্ন সংবাদ আভাস দেওয়া হয়েছে। জালাল আহমেদ গণমাধ্যমকে বলেন, ‘পাইকারি পর্যায়ে মূল্যবৃদ্ধির সঙ্গে আনুপাতিক হারে খুচরা পর্যায়ে দাম সমন্বয় করা হয়। তাই পাইকারি দামের প্রস্তাব অমলে নিয়ে কারিগরি কমিটি করা হয়েছে। ইতোমধ্যে পাটটি বিতরণ সংস্থার মধ্যে একটি কোম্পানি দাম বাড়ানোর প্রস্তাব জমা দিয়েছে। আজ-কালের মধ্যেই বাকি বিতরণ সংস্থার প্রস্তাব জমা হতে পারে।’ তবে নিম্ন আয়ের গ্রাহকদের জন্য কিছুটা স্বস্তির ইঙ্গিত রয়েছে। ‘লাইফলাইন’ গ্রাহক যারা মাসে ৭৫ ইউনিটের কম বিদ্যুৎ ব্যবহার করেন তাদের জন্য দাম অপরিসীমভি় রাখার প্রস্তাব দেওয়া হয়েছে, যাতে তাদের ওপর সরাসরি চাপ না পড়ে। সবশেষ ২০২৪ সালের ফেব্রুয়ারিতে নির্বাহী আদেশে বিদ্যুতের দাম বাড়ানো হয়। তখন পাইকারি পর্যায়ে ৫ শতাংশ এবং গ্রাহক পর্যায়ে পড়ে ৮ শতাংশ মূল্য বৃদ্ধি পায়। বর্তমানে পাইকারি পর্যায়ে প্রতি ইউনিট বিদ্যুতের দাম ৭ টাকা ৪ পয়সা। জানা গেছে, পাইকারি পর্যায়ে প্রতি ইউনিট বিদ্যুতের দাম ১ টাকা ২০ পয়সা থেকে ১ টাকা ৫০ পয়সা পর্যন্ত বাড়ানোর প্রস্তাব দিয়েছে বিভিন্ন গ্রাহকদের সংস্থা সামগ্রিক রেশে খুচরা পর্যায়ে প্রতি ইউনিটে সর্বোচ্চ ১ টাকা ৩৮ পয়সা পর্যন্ত দাম বাড়াতে পারে। এদিকে নর্দান ইলেকট্রিক সগ্রাহি কোম্পানি (সেনসেগো) ও ইতোমধ্যে খুচরা পর্যায়ে মূল্যবৃদ্ধির প্রস্তাব জমা দিয়েছে। পাশাপাশি পাওয়ার গ্রিড বাংলাদেশ পিএলসি (পিজিসিবি) সম্বলান চার্জ প্রতি ইউনিটে ১৬ পয়সা বাড়ানোর প্রস্তাব করেছে, যা বিদ্যুৎকেন্দ্র থেকে বিতরণ সংস্থার কাছে বিদ্যুৎ সরবরাহের ক্ষেত্রে প্রযোজ্য হবে। কমিশনের নিয়ম অনুযায়ী, সব প্রস্তাব গ্রহণে কারিগরি কমিটি মূল্যায়ন করবে। এতপর অংশীদারদের অংশগ্রহণে গণশুনানির আয়োজন হবে। শুদানিতে প্রস্তাবগুলোর যৌক্তিকতা যাচাই করে চূড়ান্ত সিদ্ধান্ত দেবে বিইআরসি। বিদ্যুৎ খাতে আয়-ব্যয়ের ঘাটতি এবং সরকারের ভর্তুকি নীতির সঙ্গে সামঞ্জস্য রেশে দাম নির্ধারণ করা হবে। বর্তমানে পিভিবি সরকারি ও বেসরকারি বিদ্যুৎকেন্দ্র থেকে চুক্তিভিত্তিক দামে বিদ্যুৎ কিনে তা নির্ধারিত পাইকারি দামে ফাটি বিতরণ সংস্থার কাছে বিক্রি করে। উপাদান ব্যয় ও রিসকমন্সয়ের মধ্যে ব্যবধান থাকায় ঘাটতি পূরণে সরকার অনেক ভর্তুকি নিয়ে হয় সংস্থাটিকে। তবে বিতরণ সংস্থাগুলো সেসে ভর্তুকি পাও না। তারা খুচরা দামে ভোক্তার কাছে বিদ্যুৎ বিক্রি করে মুনাফা করছে। পিভিবি বলছে, দেশে মোট বিদ্যুৎ গ্রাহকের ৩৭ শতাংশ ব্যবহারকারীর বিদ্যুৎ বিল বাড়বে। কেননা দেশের বাকি ৬৩ শতাংশ ‘লাইফলাইন’ গ্রাহক, যারা ৭৫ ইউনিটের কম ব্যবহার করেন। এক্ষেত্রে বেশি বিদ্যুৎ ইউনিট ব্যবহারকারীদের ওপর বাড়তি দাম আরোপের চিন্তা করা হচ্ছে বলেও জানিয়েছে সংস্থাটি।

বালকাঠিতে জুলাই ছাত্র আন্দোলন কর্মী

পরিয়ম দেওয়া একমূল শিক্ষার্থী ওই টিনের বেড়া অপসারণ করেন। পরে ড্রিল কারিগর মেশিন ব্যবহার করে ফটকটি কেটে ফেলেন। এতে বাড়িটি সম্পূর্ণ উন্মুক্ত হয়ে পড়ে। খানাছুলে থাকা কালকাঠির বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের নেতা মো. লিখন বলেন, বিদ্বুদ্ধ ছাত্ররা ফাসিবিাদের দোসরদের আন্তান উন্মুক্ত রাখতে টিনের বেড়া অপসারণ করেছেন। এটি জনগণের জন্য উন্মুক্ত থাকবে। প্রয়োজনে এটি ময়লার স্ফাণ্ডি করা হতে। কেউ ইচ্ছা করলে এখনো ‘টায়গেল’ নির্মাণ করতে পারেন। কালকাঠি সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) হুমায়রাজ আহমেদ বলেন, এ বিষয়ে বোজখবর নিয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া তার। ২০২৪ সালের ৫ আগস্ট আগুামী লীগ সরকারের পতনের পর বিদ্বুদ্ধ জনতা আমি়র হোসেন আমুর ওই বাড়িতে হামলা চালায়। এ সময়টিতে ভাঙচুর ও অগ্নিসংযোগ করা হয়। অগুন নিয়ন্ত্রণে আনতে ফায়ার সার্ভিসের সদস্যরা চেষ্টা চালালেও একপর্যায়ে তিনতলা ভবনটি পড়ে যায়। সেনাবাহিনী ও পুলিশের সদস্যরা ওই বাড়ি থেকে কয়েকটি লাগেজ উদ্ধার করে। একটি লাগেজে অশ্লত অবস্থায় এক কোটি টাকা এবং অন্য লাগেজগুলো থেকে অসংখ্য পোড়া অবস্থায় ২ কোটি ৭৭ লাখ টাকা উদ্ধার করা হয়। এ ছাড়া ভাঙ্গার, ইউনাইসহ বিভিন্ন দেশের প্রায় এক কোটি টাকা সম্মুল্যের দেশদৈনিক মুদ্রা উদ্ধার হয়েছে বলে জানায় পুলিশ। এর পর থেকে বাড়িটি পরিত্যক্ত অবস্থায় ছিল।

ঘৃষ দিয়েও হয়নি কাজ, কল্লায়

পরও মেসৌনে কাঙ্ক্ষিত অনুমোদন। ভুক্তভোগী মোসা. মৌসুমী আক্তারের অভিযোগ, নির্বাহী প্রকৌশলী থেকে উপ-সহকারী প্রকৌশলীর কক্ষ পর্যন্ত একাধিকবার টাকা দিতে হয়েছে তাকে। প্রতিবারই নতুন করে ‘খরচ’ দাবি করা হয়েছে। সর্বশেষ অফিসে গিয়ে কারেজ অগ্রপাতি ক্রান্তে চাইলে আবারও ৫ হাজার টাকা দাবি করা হয় বলে অভিযোগ তার। এসময় তিনি অফিসেই কল্লায় ভেঙে পড়েন। মৌসুমী আক্তার অভিযোগে জানান, প্রবাসে কর্মরত স্বামীর পাঠানো কর্মজার্জিত টাকায় জমি কিনে একটি তিনতলা বাড়ি করার স্বপ্ন দেখিয়েছিল। কিন্তু অনুমোদনের জন্য ইতোমধ্যে প্রায় ৫৩ হাজার টাকা খরচ করেও কোনো অগ্রগতি হয়নি। তবে, অভিযোগের বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তারা টাকা নেওয়ার বিষয়টি আংশিক স্বীকার করেছেন। অভিযোগের বিষয়ে স্বরূপকাঠি পৌরসভার নির্বাহী প্রকৌশলী মো. মহসিন বলেন, ওই নারী কারেজ জন্য আবার কাছে এসেছিল। কারেজ কি বাবদ টাকা চেয়েছিল। তিনি আমাকে কত দিয়েছিল তা মনে নেই। একটি তিনতলা বাড়ি নির্মাণের জন্য কত টাকা অনুমোদন ফি জানতে চাইলে তিনি বলেন, ওটা আমি বলতে পারব না। অফিসের এসও মামুনের কাছে ফাইল, তিনি বলতে পারবেন। অভিযুক্ত উপ-সহকারী প্রকৌশলী মো. আবুল হোসেন বলেন, আমি ওই নারীর কাছ থেকে ১০ হাজার টাকা নিয়েছিলাম। তবে সে টাকা আমি খাইনি। তাকে বরিশাল থেকে প্র্যান এনে দিয়েছি। বরিশালের কোন সংস্থা বা ইঞ্জিনিয়ার প্র্যান করেছ জানতে চাইলে তিনি তা বলতে পারেননি।

আবার নতুন করে ৫ হাজার টাকা চাওয়ার বিষয়ে জানতে চাইলে তিনি তা স্বীকার করেন। স্বরূপকাঠি পৌরসভার উপ-সহকারী প্রকৌশলী মো. মামুন মিয়া বলেন, আমরা ওই মহিলার এক টাকাও খাইনি। সয়েল স্টেট, প্র্যান, সরকারি জমা এবং আবেদনের জন্য নানা খাতে প্রায় ৪৩ হাজার টাকা খরচ হয়েছে। সয়েল স্টেট, প্র্যান কোন সংস্থা করেছে জানতে চাইলে তিনি বলেন, ভাই এত কিছুর দরকার কী? বাড়ি অনুমোদন আবেদন কি এতি স্ব্কার ফুট কত জানতে চাইলে তিনি বলেন, ফাইল না দেখে বাবু যাবেন।। মেছোরাবাদ উপজেলা নির্বাহী কর্মকর্তা ও পৌর প্রশাসক অশিত দত্ত জানান, সরকারি ফি ছাড়া কোনো টাকা নেওয়ার নিয়ম নেই। লিখিত অভিযোগ পেলে তদন্ত করে ব্যবস্থা নেওয়া হবে।

পশ্চিমবঙ্গে রাজ্যজুড়ে নির্বাচন

ঘটনা ঘটে হাওড়ার উদয়নারায়ণপুরে। অভিযোগ, বিজেপির জয় উদযাপনের সময় যাদব বর (৪৮) নামে এক কর্মীকে কুপিয়ে ও পিটিয়ে হত্যা করা হয়। পরিহারের দাবি, তৃণমূল-সমর্থিত দুকুতীরাই এই ঘটনার সঙ্গে জড়িত। এদিকে নিউউডনের বাসিগুড়ি এলাকায় বিজয় মিলিলে হামলার ঘটনায় বিজেপি কর্মী মধু মঙ্গল নিহত হন বলে অভিযোগ উঠেছে। ঘটনার পর এলাকার উত্তেজনা নিয়ন্ত্রে পড়ে এবং বেশ কয়েকটি বাড়িতে ভাঙচুরের ঘটনা ঘটে। পরে পুলিশ পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। এ ঘটনায় প্রধান অভিযুক্তসহ কয়েকজনকে গ্রেপ্তার করা হয়েছে। অন্যদিকে, কলকাতার বেলেঘাটায় নিখোঁজ তৃণমূল কর্মী বিশ্বজিৎ পট্টনায়কের রক্তাক্ত দেহ উদ্ধার করা হয়। পরিবারের অভিযোগ, রাজনৈতিক কারণেই তাকে হত্যা করা হয়েছে। একইভাবে বীরভূমের নানুরে আবার শেখ (৪৫) নামে আরেক তৃণমূল কর্মীকে কুপিয়ে হত্যার অভিযোগ উঠেছে বিজেপি সমর্থকদের বিরুদ্ধে। সহিসংভার জন্য একে অপরের দায়াি করছে দুই প্রধান রাজনৈতিক দল। তৃণমূল কর্মীদের অভিযোগ, রাজ্যজুড়ে তাদের শা্তাবিক দলীয় কার্যালয় ভাঙচুর ও অগ্নিসংযোগ করা হয়েছে এবং বহু প্রার্থীর বাড়িতে হামলা হয়েছে। অন্যদিকে বিজেপি এই অভিযোগ স্বীকার করে বলেছে, তাদের নাম ব্যবহার করে দুকুতীরা আশক্তি ছড়ানোর চেষ্টা করছে। এ পরিস্থিতিতে সহিসংভা দমনে কঠোর নির্দেশ দিয়েছেন ভারতের প্রধান নির্বাচন কমিশনার। তিনি রাজ্যের প্রশাসন, পুলিশ এবং কেন্দ্রীয় বাহিনীকে সতর্ক থাকার নির্দেশ দিয়ে বলেছেন, কোথাও সহিসংভা বা ভাঙচুরের ঘটনা ঘটলে সঙ্গে সঙ্গে ব্যবস্থা নিতে হবে। কলকাতা পুলিশের পক্ষ থেকেও কড়া বাতী দেওয়া হয়েছে। পুলিশ কমিশনার জানান, পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে ইতোমধ্যে পাুলিশ

ধরপাকড় চালানো হয়েছে এবং শুধু কলকাতাতেই অন্তত ৮০ জনকে গ্রেপ্তার করা হয়েছে। রাজ্যজুড়ে গ্রেপ্তারের সংখ্যা দুই হাজারের বেশি বলে জানানো হয়েছে। অনুমতি ছাড়া মিছিল বা ভাঙচুরে জড়িতদের বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা নেওয়ার ইশিয়ার দিয়েছে পুলিশ। নির্বাচনের পর রাজ্যে শান্তি বজায় রাখতে প্রশাসন ও আইনশৃঙ্খলা বাহিনী সর্বোচ্চ সতর্ক অবস্থানে রয়েছে।

পশ্চিমবঙ্গের নতুন সরকারের

অনুষ্ঠান। এ লক্ষ্যে আগামী শুক্রবার (৫ মে) সন্ধ্যায় জল্লাি বিধায়কদের নিয়ে গুরুত্বপূর্ণ বৈঠক বসবেন বিজেপির নেতা ও কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। সেজন্য বৃহস্পতিবার (৭ মে) কলকাতায় আসতে পারেন তিনি। শপথের প্রস্তুতি খতিয়ে দেখতে বুধবার (৬ মে) রাজ্য সরকারের সচিবালয় ‘নবান্ন’-এ যান বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য। তার সঙ্গে ছিলেন দলের কেন্দ্রীয় সাধারণ সম্পাদক ও রাজ্য পর্যবেক্ষক সুনীল বনশল, রাজ্য সাধারণ সম্পাদক জ্যোতির্ময় মাহাতো ও সৌমিত্র খাঁ। সেখানে মুখ্যসচিব দৃশ্যন্ত নারিওয়ালার সঙ্গে প্রশাসনিক প্রস্তুতি নিয়ে আলোচনা করেন তারা। জানা যায়, শপথগ্রহণ অনুষ্ঠানে উপস্থিত থাকতে পারেন প্রধানমন্ত্রী নরেশ মোদী এবং কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। তবে মুখ্যমন্ত্রী পদে কে বসবেন, তা নিয়ে এখনও কোনো আনুষ্ঠানিক ঘোষণা করেনি দল। আগামী ৮ মে চূড়ান্ত হবে। তখনই জানা যাবে রাজ্যের পরবর্তী মুখ্যমন্ত্রী কে হচ্ছেন তত্ত্বপু, শমীক, দিলীপ, অগ্নিমিত্রা পাল নাকি অন্য কেউ। তবে বিজেপির বড় অংশ এখন শুভেন্দু অধিকারীর ওপর আস্থা রাখছে। কেন্দ্রীয় নেতৃত্ব কাকে বেছে নেয়, তাই যখন রাজ্য সমন্বোতোর আলোচনা হচ্ছে।

যুদ্ধ এবং সামন্বোতার ‘খুব

শেষ করতে এক পাতার একটি সমন্বোতা চুক্তির কাছাকাছি পৌছেছে দুই দেশ। পাকিস্তানি স্ফাটি বলছে, ‘আমরা খুব শিগগির এটি (শান্তিচুক্তি) সম্পন্ন করব। আমরা কাছাকাছি পৌছে গেছি।’ ওস্তাবিত সমন্বোতা স্মারক নিয়ে যুক্তরাষ্ট্রের সংবাদমাধ্যম এফ্রিওস-এর প্রতিবেদনটি সঠিক ছিল বলেও জানায় পাকিস্তানি সূর। এফ্রিওস ওই প্রতিবেদনে দুই মার্কিন কর্মকর্তা ও আরও দুইটি সূত্রকে উদ্ধৃত করে বলেছিল, যুক্তরাষ্ট্র ও ইরান সমন্বোতার কাছাকাছি। বুধবার এফ্রিওস জানায়, হোয়াইট হাউস মনে করছে ইরানের সঙ্গে যুদ্ধ শেষ করতে এক পাতার একটি সমন্বোতা স্মারকের খুব কাছাকাছি পৌছে গেছে। এনে এক সময় এফ্রিওস এ কথা জানায়, যখন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প হরমুজ প্রাণালী নুরায় চালু করতে তিন দিন ধরে চলা নৌ মিশন ‘ব্রেলেন্ট ফ্রিডম’ স্থগিত করেছেন। এফ্রিওস-এর প্রতিবেদনে বলা হয়, আগামী ৪৮ ঘণ্টার মধ্যে কয়েকটি গুরুত্বপূর্ণ বিষয়ে ইরানের প্রতিক্রিয়া প্রত্যাশা করছে যুক্তরাষ্ট্র। এফ্রিওস আরও জানায়, জাতিবিত চুক্তির অংশ হিসেবে ইরান পাশ্চাত্যবিরক সন্দ্বহকরণে স্থগিতাবোধে সম্মত হবে, যুক্তরাষ্ট্র নিষেধাজ্ঞা তুলে নেবে এবং জ্বল করা ইরানি তহবিলের বিলিয়ন ডলার ছাড় করবে, পাশাপাশি হরমুজ প্রাণালী দিয়ে যাতায়াতের ওপর উল্লম্ব পেসকে বিধিনিষেধ তুলে দেওয়া হবে।

বানারীপাড়ায় ভেঙে পড়া সেতু

স্কুল-কলেজের শিক্ষার্থী, কৃষক ও সাধারণ মানুষ এই পথে যাতায়াত করছেন। খাল ভরাট করে অস্থায়ী যাতায়াতের পথ তৈরি করায় কৃষিক্ষেত ও বসতবাড়িতে জলাবদ্ধতা তৈরি হচ্ছে। যার কারণে কৃষিপণ্য পরিবহনেও এলাকাবাসীকে পড়তে হচ্ছে চরম বিপাকে। এলাকাবাসীর অভিযোগ, সেতুটি দীর্ঘদিন ধরে এই অবস্থায় পড়ে থাকলেও দেখার বেম কেউ নেই। সামান্য অসতর্কতায় যে কোনো সময় বড় ধরনের দুর্ঘটনা ঘটে পারে। বিশেষ করে রাতে এই পথে যাতায়াত করা সাধারণ মানুষের জন্য প্রতিমাত্রতা মরণফাঁদে পরিণত হয়েছে। দ্রুত সেতুটি মেরামত করা না হলে জনজীবনে আরও কয়েকগুণ বেড়ে যাতায়াতর আশঙ্কা রয়েছে। গ্রামবাসী বলেন এই ভেঙে পড়া সেতুটি সংস্কার করে জনসাধারণের চলাচলের উপযোগী করতে স্থানীয় প্রশাসন ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষের জরুরি হস্তক্ষেপ কামনা করছে।

মাঠপর্যায়ে দায়িত্বরত সেনা

বাহিনীর প্রতিনিষ্ঠা প্রদর্শিত ছিলেন। প্রায় আড়াই ঘণ্টার এই আলোচনায় সেনা ওস্তাবিতদের পাশাপাশি দেশের সামগ্রিক আইনশৃঙ্খলা পরিস্থিতি, টানাবাজি দমন, মানকবিরোধী অভিযান এবং পুলিশের কাঠামোগত কিছু পরিবর্তন নিয়েও আলোচনা হয়। সরকারি সূত্রে জানা যায়, মাঠপর্যায়ের তত্কালীন প্রায় ১৭ হাজার সেনাসদস্য দায়িত্ব পালন করছেন। দীর্ঘ সময় ধরে মোতায়েন থাকায় তাদের ধীরে ধীরে নিজ নিজ ইউনিটে ফিরিয়ে নেওয়ার বিষয়ে প্রতিষ্ঠানক মন্ত্রণালয় আগেই উদ্যোগ নিয়েছিল। এ ছাড়া বৈরতের সাম্প্রতিক সময়ের কিছু আইনি প্রক্রিয়া, সাংবাদিকদের জামিন-সংক্রান্ত বিষয়, অস্ত্র লাইসেন্স বাতিল এবং সিটি কর্পোরেশনের নিরাপত্তা ব্যবস্থা নিয়েও সিদ্ধান্ত হয়েছে বলে জানা গেছে। মাদক নিয়ন্ত্রণ কার্যক্রম জোরদার করা এবং টানাবাজির বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার বিষয়েও নির্দেশনা দেওয়া হয়েছে। একই সঙ্গে সীমান্তবর্তী অঞ্চলের নিরাপত্তা বাড়ানোর বিষয়েও গুরুত্বারোপ করা হয়। পুলিশের পোশাক পরিপন্থে অভিযানের প্রসঙ্গও বৈরতে উঠে আসে। তবে বাড়তি সিদ্ধান্ত অস্থায়ী বর্ধমান নির্ধারিত ইউনিফর্ম অর্ধকর্তার থাকবে বলে সংশ্লিষ্ট সূত্র জানিয়েছে।

চর্যাফাশনে দুই হাজার জেলে

আফগাজেরে সভাপতিত্বে অত্রীতের প্রধান বক্তা ছিলেন উপজেলা সিনিয়র মন্থা কর্মকর্তা জাফর কুমার অণু। বিশেষ অভিধি ছিলেন জেলা মন্থনা কর্মকর্তা মোহাম্মদ ইব্রাবল হোসেন। সভাপতির বক্তব্যে ইউএনও রুহানা আফরোজ বলেন, ইলিশ আমাদের জাতীয় সম্পদ। মাছ ধরার নিষেধাজ্ঞার সময়ে জেলেরা যেন খাদ্য সংকটে না পড়ে, সরকার সেই লক্ষ্যেই এই যুগান্তকারী পদক্ষেপ নিয়েছে। এই সহায়তা রয়েছে পরিবারগুলোর জন্য কিছটা হলেও পক্ষিদারকে হবে। উপজেলা সিনিয়র মন্থনা কর্মকর্তা জাফর কুমার অণু জানান, খাদ্য সরবরাহ পাশাপাশি জেলেরদের বিশুদ্ধ করাসনস্থল সৃষ্টি এবং ইলিশের অভ্যন্তরম রক্ষায় মন্থসা বিভাগ নির্যুক্তভাবে কাজ করছে। প্রকৃত জেলেরা যাতে সরকারি এই সুবিধা পায়, সে বিষয়ে কঠোর নজরদারি রাখা হচ্ছে। উদ্যোধনী অনুষ্ঠান শেষে উপজেলা অফিসার্স ক্লাব মিলনায়তনে সৃশৃঙ্খলাবরে মালামাল বিতরণ সম্পন্ন হয়।

কলাপাড়ায় ধানের ন্যায্য

সাধারণ সম্পাদক কমরেড মনিার তালুকদার, বালাদেশ ক্ষেত মজুর সমিতি উপজেলা শাখার আহায়ক প্রচারক রফিকুল ইসলাম, বালাদেশ কৃষক সমিতি উপজেলা শাখার প্রচারক ও প্রকাশনা সম্পাদক নয়নাভিরাম গাইন(নয়ন), সদসা আবুল কালামসহ আরও অনেক বক্তব্য রাখেন। এ সময় বক্তরা বলেন, প্রতিবছর কৃষকরা ক্ষেতে ধান চাষাবাদ করে স্বপ্নগ্রস্থ হচ্ছে। এর প্রধান কারণ সিভিকিটে। ধান কেনা বেচায় সিভিকিটে, ধান কাটায় হারবেকটে মেশিন সিভিকিটে, সরকারি সহায়তায় দলীয়করণ বন্ধ করার দাবি জানান তারা। একই সঙ্গে ধানের ন্যায্য মূল্য, ধান কেনায় লটারি প্রথা বাতিলের দাবি জানান বক্তারা। পরে বিকোন্ডা মিছিল শেষে দাবি আদায়ে উপজেলা নির্বাহী কর্মকর্তার কাছে স্মারকলিপি দেন আন্দোলনকারীরা। জানত চাইলে উপজেলা নির্বাহী কর্মকর্তা মো.কাউছার হামিদ বলেন, কৃষকদের স্মারকলিপি পেয়েছি। তাদের দাবির সঙ্গে আমরাও একমত।

মুলাদীতে গৃহবধুকে ধর্ষণচেষ্টা

দিকে উপজেলার চরকালেশখাঁ ইউনিয়নের একটি গ্রামে ধর্ষণচেষ্টা করা হয় বলে মামলায় উল্লেখ করা হয়। মুলাদী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) খন্দকার মো. সোহেল রানা ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন। থানা পুলিশ জানায়, ভুক্তভোগী গৃহবধুর স্বামী ঢাকায় চাকুরি করেন। তিনি শ্রুত কন্যা ও শ্বশুরকে নিয়ে বাড়িতে বসবাস করছেন। মিন্টু কাজী প্রায়ই কুশ্রান্তব দিয়ে ওই গৃহবধুকে উত্যাক করতেন। রোববার সন্ধ্যা ৬টার দিকে মিন্টু কাজী ওই গৃহবধুর শ্বশুরকে যুক্তরে তাগের বাড়িতে যান। গৃহবধুর শ্বশর বাড়িতে না থাকায় মিন্টু কাজী তাকে বাড়িতে ঘরে ঘর থেকে উঠানোর পাশে নিয়ে জোড়পূর্বক ধর্ষণচেষ্টা করেন। ওই সময় গৃহবধুর ডাকভিৎকার করলে পার্শ্ববর্তী লোকজন আসলে মিন্টু কাজী পালিয়ে যান। পরে ওই গৃহবধু মঙ্গলবার নিয়ে মিন্টু কাজীকে আসামি করে মুলাদী থানায় মামলা করেন। মামলার পর পর পুলিশ চরকালেশখান এলাকা থেকে মিন্টু কাজীকে গ্রেপ্তার করেন। মুলাদী থানার ওসি খন্দকার মো. সোহেলে রানা বলেন, গৃহবধুকে ধর্ষণচেষ্টার খামলায় একজনকে গ্রেপ্তার করা হয়েছে। বুধবার সকালে তাকে আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়েছে।

হাটের একমাত্র সেতু ভেঙে

হাটের হাজার মানুষ ও শিক্ষার্থী চলাচল করতেন। সেতুটি বৃকিপূর্ণ হয়ে পড়লেও দীর্ঘদিন ধরে বিকল্প ব্যবস্থা না থাকায় লোকজন জীবনের ঝুঁকি নিয়ে চলাচল করে আসছিলেন। আকুর হাট ব্যবসায়ী সমিতির সভাপতি গৌতম হালদার বলেন, সন্ধ্যাে দুই দিন হাট বসে। সেতুটি দ্রুত সংস্কার না হলে দূরদূরন্তের ব্যবসায়ীরা পণ্য নিয়ে হাটে আসতে পারবেন না। এতে স্থানীয় অর্থনীতিতে নেতিবাচক প্রভাব পড়বে। পাশাপাশি কৃষকেরাও তাদের ইরি-বোরে ধান ঘরে তুলতে সমস্যা পড়বেন। এতে হয় থেকে আটটি গ্রামের ১০ হাজার মানুষ এবং বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থীদের চলাচল মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে। বাগধা ইউনিয়ন পরিষদের ৮ নম্বর ওয়ার্ডের সদস্য এদীপ বাড়ি জানান, বিষয়টি চেয়ারম্যানের মাধ্যমে ইউএনও এবং উপজেলা প্রকৌশলীকে অবগত করা হয়েছে। তারা দ্রুত ব্যবস্থা নেওয়ার আশ্বাস দিয়েছেন। উপজেলা প্রকৌশলী রবীন্দ্রনাথ চক্রবর্তী বলেন, ‘সেতুটির বর্তমান অবস্থা সম্পর্কে তদেছি। সরেজমিনে পরিদর্শন করে সংস্কারের জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষকে লিখিতভাবে জানানো হবে।’ এ ব্যাপারে ইউএনও লিখন বণিক বলেন, ‘বিষয়টি আমি তদেছি এবং উপজেলা প্রকৌশলীকে সরেজমিনে পরিদর্শন করে ব্যবস্থা নেওয়ার জন্য বলেছি।’

র‍্যাব পরিচয়ে স্বর্ণ ব্যবসায়ীকে

দিয়ে বাদী ও তার ভাইয়ের পরোষ্য করে মাইক্রোবাসে ওঠানোর চেষ্টা করে। এসময় বাদী কৌশলে উক্ত স্থান থেকে চলে গেলেও রাব পরিয়ম দেয়া লোকজন তার ভাই এবং তারের সাথে থাকা টাকাসহ বরিশাল জেলার আশেপাড়া থানাবীন পরসাদহাট নামক স্থানের দিকে নিয়ে যায়। পরবর্তীতে রাব পরিচয়দানকারী লোকজন বাদীর ভাইকে মারপিটসহ গুরুতর জখমের ভয়ভীতি দেখিয়ে তার সাথে থাকা নগদ ৩০ হাজার টাকা, ৩ ভরি ১৪ আনা বিভিন্ন প্রকার স্বর্ণলিঙ্গেরা এবং ১৫০ ভরি রুপা নিয়ে যায়। এ ঘটনায় ভুক্তভোগী কৃষক কর্মকার বাদী হয়ে গোপালগঞ্জ জেলার কোটালীপাড়া থানায় উল্লেখিত বিষয়ে লিখিত অভিযোগ করেন। এ বিষয়ে পরবর্তীতে আইনগত ব্যবস্থা গ্রহণ করার জন্য আসামিকে পটুয়াখালী জেলার বাউফল থানায় হস্তান্তর করা হয়।

পটুয়াখালীতে খাল খনন প্রকল্পের উদ্বোধন

ওয়াড়ে চিগুপুর ন্যাট্রি বাড়ি সুইজ থেকে দক্ষিণে ধরাদি ডিগ্রি কয়েজ ভায়া মাফি বাড়ি হয়ে ইসলামিয়া নুরানি মাদ্রাসা পর্যন্ত খাল পুনঃখনন কাজের উদ্বোধন কালে এসব কথা বলেন। তিনি বলেন, খাল খননের মাধ্যমে পটুয়াখালীর মানুষের দীর্ঘদিনের ভোগান্তির অবসান ঘটেবে এবং জনজীবনে ইতিবাচক পরিবর্তন আসবে। তিনি আরও বলেন, বর্তমান সরকার দেশের কৃষি উৎপাদন বৃদ্ধি, পানি সংরক্ষণ এবং জলাবদ্ধতা নিরসনে আগামী পাঁচ বছরে ২০ হাজার কিলোমিটার খাল খনন ও পুনঃখনন কর্মসূচি হাতে নিয়েছে, যার মাধ্যমে শুষ্ক মৌসুমে চেনে সুবিধা এবং বর্ষায় দ্রুত পানি নিষ্কাশন নিশ্চিত করা হবে। ২০২৫-২০২৬ অর্থবছরের আওতায় ব্যস্তব্যয়িত এ প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ধরা হয়েছে ১ কোটি ৩৬ লাখ ৭০ হাজার ৩০১ টাকা। প্রায় তিন কিলোমিটার এ খাল পুনঃখননের ফলে জলাবদ্ধতা দূর হওয়ার পাশাপাশি কৃষিজমিতে স্বাভাবিক পানি প্রবাহ ফিরবে বলে আশা করা হচ্ছে। প্রকল্পটি বাস্তবায়ন করছে উপজেলা প্রশাসন পটুয়াখালী সদর, দুর্গোণ্য ব্যবস্থাপনা ও গ্রাম মন্ত্রণালয়ের অর্থায়নে এবং সার্বিক সহযোগিতায় রয়েছে কমলাপুর ইউনিয়ন পরিষদ। সংশ্লিষ্টরা জানান, এই প্রকল্পে নিয়োজিত শ্রমিকরা সরাসরি তাদের ব্যাংক হিসাবে পারিশ্রমিক পাবেন, ফলে স্বচ্ছতা নিশ্চিত হবে এবং স্থানীয় শ্রমজীবী মানুষের আর্থিক নিরাপত্তা বাড়বে। খাল খননের মাধ্যমে শুষ্ক পানি ব্যবস্থাপনার উন্নয়নই নয়, বরং স্থানীয় মানুষের জন্য তাৎক্ষণিক কর্মসংস্থান সৃষ্টি হয়ে অর্থনৈতিক সুস্থল্যও বনে আসবে। জেলা গ্রাম ও পুনর্বাসন কর্মকর্তা এসএম দেলোয়ার হোসেন বলেন, এ ধরনের প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে একদিকে মানুষের দুর্ভোগ কমে, অন্যদিকে স্থানীয় অর্থনীতি চাড়া হবে। উপজেলা নির্বাহী কর্মকর্তা রওজাতুন নজরাত বলেন, কাজের গুণগত মান নিশ্চিত করতে প্রশাসনের পক্ষ থেকে নিয়ামিত তদারকি করা হবে। প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা এইচএম মাহবুব জানান, খালটি পুনঃখনন হলে বর্ষায় দ্রুত পানি নিষ্কাশন এবং শুষ্ক মৌসুমে সেক সুবিধা নিশ্চিত হবে। কমলাপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুল সালাম মৃধা বলেন, দীর্ঘদিনের দাবির প্রেক্ষিতে এই কাজ শুধু হওয়ায় এলাকাবাসীর মধ্যে স্বস্তি ফিরেছে। স্থানীয় কৃষক ফারুক মুগা বলেন, আগে বর্ষায় জমি পানিতে ভুবে যেত, আবার শুষ্ক মৌসুমে পানির অভাবে চাষ করা যেত না। এখন খাল খনন হলে দুই সমস্যারই সমাধান হবে। স্থানীয় বাসিন্দা হোসেন আরা বেগম বলেন, জলাবদ্ধতায় আমাদের জীবনযাত্রা ব্যাহত হতো, এখন কাজটি শেষ হলে স্বাভাবিক জীবন ফিরে পাবো বলে আশা করছি। সংশ্লিষ্টরা মনে করছেন, সময়মতো কাজ শেষ হলে এই প্রকল্প পটুয়াখালীর উপকূলীয় অঞ্চলে পানি ব্যবস্থাপনা ও কৃষি উন্নয়নের একটি কার্যকর দৃষ্টান্ত হয়ে উঠবে।

সীতাকুণ্ডে আমতলীর হত্যা মামলার

দলে ওই এলাকায় অভিযান চালিয়ে মোঃ ইব্রাহীম খলিফা (৫৫) ও মোঃ সাহেব খলিফা (৩৫)কে গ্রেফতার করে। গ্রেফতারকৃত ইব্রাহীম খলিফার স্ত্রিতা মৃত রফেজ খলিফা এবং সাহেব খলিফার স্ত্রিতা ইব্রাহীম খলিফা। তাদের বাড়ি বরগনা জেলার আমতলী থানার শাখারিয়া এলাকায়। র‍্যাব জানায়, মামলাটি দর্পব্রিখ ১৮৬৩০ এর বিজ্ঞা ধারায় (১৪৩/৩৪১/৩২৩/৩২৫/৩২৬/৩০৭/৩৭৯/৩৫৪/১১৪/৫০৬২১)) দায়ের করা হলেও পরবর্তীতে ৩০২ ধারা সংযোজন করা হয়। গ্রেফতারের পর প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য তাদের সীতাকুণ্ড থানা পুলিশের কাছে হস্তান্তর করা হয়েছে।

এপ্রিলে দেশজুড়ে সড়ক

করা হয়েছে। রাজধানী ঢাকাতেও উল্লেখযোগ্য সংখ্যক দুর্ঘটনা ঘটেছে। সময়ের বিশ্লেষণে দেখা গেছে, দিনের শুরুতে ও রাতে দুর্ঘটনার হার বেশি। বিভিন্ন ধরনের সড়ক, জাতীয় মহাসড়ক, অঞ্চলিক ও শহরায়ঞ্চলের রাস্তায় এসব দুর্ঘটনা ঘটে। প্রতিবেদনে দুর্ঘটনার পেছনে একাধিক কারণ তুলে ধরা হয়েছে, যার মধ্যে রয়েছে যানবাহনের জট, বেসরোয়া গতি, চালকের অদক্ষতা, ট্রাফিক আইন না মানা এবং সড়ক ব্যবস্থাপনার দুর্বলতা। সংস্থাটি সড়ক দুর্ঘটনা কমাতে অবকাঠামো উন্নয়ন, আইন বাস্তবায়ন জোরদার, চালক প্রশিক্ষণ এবং আর্থিক নিরাপত্তা ব্যবস্থা চালুর সুপারিশ করেছে।

বোরহানউদ্দিন গাঁজা ও ইয়াবাসহ

তার কাছ থেকে ১৪ পিস ইয়াবা ট্যাবলেট এবং প্রায় ১৫০ গ্রাম গাঁজা উদ্ধার করা হয়। গ্রেফতারকৃত সিরাজ সিকদার মৃত জাহাঙ্গীরের ছেলে এবং দীর্ঘদিন ধরে এলাকার মাদক ব্যবসার সঙ্গে জড়িত বলে অভিযোগ রয়েছে। স্থানীয়দের ভাষ্যমতে, তিনি প্রভাবশালী মহলকে তয়োদ্ধা না করে প্রকায়ো মাদক ব্যবসা চালিয়ে আসছিলেন এবং আইনশৃঙ্খলা বাহিনীকে নিয়েও বিভিন্ন সময় চ্যালেঞ্জ ছুড়ে দেন।	পুলিশ জানায়, তার বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা প্রত্যাখ্যানি রয়েছে এবং তাকে আদালতে সোপর্দ করা হবে। এ ঘটনায়
হারিয়েছে	
আমার অলিম এর মার্কসিট হারিয়েছে, যাহার রোল নম্বর - ১৮৪৪০, রেজিষ্ট্রেশন নম্বার - ২০৪৭১, সেশন ১৯৮৯-৯০, পাসের সাল- ১৯৯১।	
মো. নজরুল ইসলাম উজিরপুর, বরিশাল।	

হারিয়েছে

আমার মেঘনা লাইফ ইন্সুরেন্স পিএলসি এর মূল বীমা দলিল হারিয়েছে যাহার পলিসি নং TB561255 নামঃ আশা আক্তার ও পলিসি নং 05251063, নামঃ উম্মে কুসুম।

হারিয়েছে

আমার মেঘনা লাইফ ইন্সুরেন্স পিএলসি এর মূল বীমা দলিল হারিয়েছে যাহার পলিসি নং 04417252 ও পলিসি নং 02588827, নামঃ মিনারা বেগম।

এলাকাবাসীর মধ্যে স্বস্তি ফিরে এসেছে। তারা আশা করছেন, এ ধরনের অভিযান অব্যাহত থাকলে মাদকমুক্ত সমাজ গড়া সম্ভব হবে।

ভোলায় অস্ত্রসহ আটক বিএনপি

লোকজন। পরে পুলিশের বাঁধার মুখে পড়ে থানা ফটকের সামনে বিকোন্ড করেন তারা। জাকির ফরাজি ভোলার দক্ষিন দিম্খলদী ইউনিয়নে বাসিন্দা। তিনি ওই ইউনিয়নের সাবেক ছাত্রদল সভাপতি এবং বর্তমানে জাতীয়তাবাদী মুক্তিযোদ্ধা প্রজন্ম দলের কেন্দ্রীয় যুগ্ম আহ্বায়ক। কোন্টগার্ভের হাটে আটকের হন জাকির ফরাজি। এরপর কোন্টগার্ভের মিডিয়া কর্মকর্তা লেফটেন্যান্ট কমন্ডার মো. সাকিল আলম সূক্তন এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানান, মঙ্গলবার ভোরে গোপন সংবাদের ভিত্তিতে ভোলার ইলিশা লম্বঘাট এলাকার যাত্রীবাহী লম্ঘ এমডি কর্ণফুলি-১৩ থেকে অস্ত্র গুলি ও মাদকসহ জাকির ফরাজিকে আটক করা হয়। পরে জন্দকৃত আলামত ও আটককৃত ব্যক্তির বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য তাকে ভোলা সদর মডেল থানায় হস্তান্তর করা হয়। পরে জাকির ফরাজির আটকের খবরে তার সমর্থিত লোকজন মুক্তি চেয়ে বিকোন্ড করেন। এদিকে টানা ১ঘণ্টার অবরোধে ভোলা-চরফামান মহাসড়কে তীব্র যানজটের সৃষ্টি হয়। বন্ধ থাকে যানচলাচল। এতে ভোগান্তিতে পড়েন সাধারণ যাত্রী ও যানবাহন চালকরা। বিকোন্ডকারীদের অভিযোগ, বিএনপি নেতা জাকির ফরাজীকে অনায়াভাবে আটক করা হয়েছে। তিনি স্বঘৃণতের শিকার। এসময় তারা জাকির ফরাজির নিশ্চত মুক্তির দাবী জানান। দ্রুত মুক্তি না দিলে আরও কঠোর কর্মসূচির ইশিয়ার দেন তারা। পরে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে ঘটনাস্থলে আইনশৃঙ্খলা প্রকাকারী বাহিনীর সদস্যরা উপস্থিত হন। তাদের উপস্থিতিতে যান চলাচল স্বাভাবিক হয়ে। এ বিষয়ে ভোলার মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. মাহমুদ ইসলাম বলেন, স্থানীয় লোকজন সড়ক অবরোধ করে বিষয়ের খবর পেয়ে দৌলতাবাদ থানা পুলিশ ও ভোলা সদর থানা পুলিশের একটি টিম ঘটনাস্থলে পৌছে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনেন। বর্তমানে ওই এলাকায় যান চলাচল স্বাভাবিক রয়েছে।

সীমান্তে বিজিবিকে সর্বোচ্চ সতর্ক থাকার নির্দেশ

সীর্ভদখোলা ডেডে

ভারতের পশ্চিমবঙ্গে নির্বাচন ঘিরে সীমান্তে অস্থিরতার আশঙ্কা না থাকলেও বর্তার গার্ড বাংলাদেশকে (বিজিবি) সর্বোচ্চ সতর্ক থাকার নির্দেশ দেওয়া হয়েছে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। বুধবার (৬ মে) দুপুরে রাজধানীর ওসমানী মিলনায়তনে অনুষ্ঠিত জেলা প্রশাসক (ডিসি) সন্মেলনে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সেশন শেষে তিনি এ তথ্য জানান। সীমান্ত পরিস্থিতি নিয়ে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, ভারতের পশ্চিমবঙ্গের নির্বাচনকে ঘিরে কোনো আশঙ্কা নেই। পড়ার গার্ড বাংলাদেশে (বিজিবি) সদস্যদের সতর্ক অবস্থানে থাকতে নির্দেশ দেওয়া হয়েছে। এ সময় তিনি আইন-শৃঙ্খলা বন্ধা, কুইডে শত্রু উদ্ধার, হুয়ারানিমূলক মামলা প্রত্যাহার এবং আসন্ন ঈ

যুদ্ধ বন্ধে সমঝোতার ‘খুব কাছাকাছি’ যুক্তরাষ্ট্র-ইরান

কীর্তনখোলা ডেস্ক

যুদ্ধ বন্ধে সমঝোতা চুক্তির কাছাকাছি পৌঁছেছে যুক্তরাষ্ট্র ও ইরান। পাকিস্তানি সূত্র বলছে, খুব শিগগির এটি (শান্তিচুক্তি) সম্পন্ন হবে। যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে মধ্যস্থতাকারী পাকিস্তানের একটি সূত্র জানিয়েছে, উপসাগরীয় অঞ্চলের যুদ্ধ ৩ এর পাতায় দেখুন



ঝালকাঠিতে জুলাই ছাত্র আন্দোলন কর্মী পরিচয়ে আমুর বাড়ির ফটক ভাঙচুর

ঝালকাঠি প্রতিনিধি

ঝালকাঠিতে আওয়ামী লীগের উপদেষ্টামণ্ডলীর সদস্য ও সাবেক মন্ত্রী আমির হোসেন আমুর পরিভ্রমণ বাড়ির প্রধান ফটক ভেঙে ফেলা হয়েছে। গতকাল বুধবার দুপুরে শহরের রোমানোসে

রোডে অবস্থিত ওই বাড়ির ফটক ড্রিল কাটার মেশিন দিয়ে কেটে ভেঙে ফেলেন একদল শিক্ষার্থী। গত ৫ আগস্টের পর থেকে বাড়িটি পরিভ্রমণ অবস্থায় পড়ে আছে। স্থানীয় বাসিন্দারা সেখানে ময়লা ফেলে স্থপ করে রাখেন।

রাত্রে মাদিকসেবীদের আনাগোনার অভিযোগও আছে। সম্প্রতি কে বা কারা বাড়িটির সামনে টিনের বেড়া দিয়ে প্রধান ফটক আটকে দেয়। দুপুরে ‘জুলাই ছাত্র আন্দোলনের কর্মী’ ৩ এর পাতায় দেখুন



চর্যাফাশনে দুই হাজার জেলে পেলেন খাদ্য সহায়তা

চর্যাফাশন প্রতিনিধি

ইলিশের উৎপাদন বৃদ্ধি ও জেলেনের জীবনমান উন্নয়নের লক্ষ্যে জেলার চর্যাফাশনে নিবন্ধিত জেলেনের মাঝে বিশেষ খাদ্য সহায়তা দেওয়া হয়েছে। ‘ইলিশ সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা (দ্বিতীয় সংশোধিত) প্রকল্প’র আওতায় বুধবার (৬ মে) সকালে চর্যাফাশন উপজেলা পরিষদ চত্বরে এই কার্যক্রমের আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়। উপজেলা প্রশাসনের আয়োজন ও মৎস্য বিভাগের সহযোগিতায় আয়োজিত এই কর্মসূচিতে উপজেলার মোট ২ হাজার নিবন্ধিত জেলে পরিবারকে মানবিক সহায়তা প্রদান করা হয়। প্রতিটি পরিবারকে ১২ কেজি আটা, ৮ কেজি মসুর ডাল, ১৬ কেজি আলু, ১০ লিটার সয়াবিন তেল, ৪ কেজি চিনি ও ৪ কেজি লবণ দেওয়া হয়েছে। উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) রুমানা



বানারীপাড়ায় ভেঙে পড়া সেতু যেন মরণফাঁদ, জনদুর্ভোগ চরমে

বানারীপাড়া প্রতিনিধি

বানারীপাড়া উপজেলার সদর ইউনিয়নের আলতা গ্রামে একটি গুরুত্বপূর্ণ সেতু দীর্ঘদিন ধরে ভেঙে পড়ে থাকায় কয়েক হাজার মানুষের চলাচল চরম দুর্ভোগ সৃষ্টি হয়েছে। দীর্ঘদিন অতিবাহিত হলেও সেতুটি সংস্কার বা নতুন করে নির্মাণের কোনো উদ্যোগ না নেওয়ায় স্থানীয় বাসিন্দাদের মধ্যে তীব্র ক্ষোভ বিরাজ করছে। ‘সংস্কারমিমে গিয়ে দেখা গেছে যে, আলতা গ্রামের এই গুরুত্বপূর্ণ সংযোগ সেতুটির একটি বড় অংশ ধ্বংস পড়ে আছে। সেতুর রেলিং ভেঙে গেছে এবং মাঝখানের দ্রাব খসে যাওয়ায় এটি এখন চলাচলের অনুপযোগী। বৃষ্টি নিয়েই প্রতিদিন ৩ এর পাতায় দেখুন

মাদকাসক্তি ও মানসিক রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে

নিউ লাইফ

মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড

যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।

০১৭১৩-৯৫০৯৪১
০১৭১৩-১৬৯৮২৮

কীর্তনখোলা ডেস্ক

পশ্চিমবঙ্গ সরকার গঠনের প্রস্তুতি জোরকদমে শুরু করে দিয়েছে বিজেপি। তারা ঘোষণা করেছে, আগামী ৯ মে (২৫ বৈশাখ) কলকাতার ঐতিহাসিক ব্রিগেড গ্রাউন্ডে অনুষ্ঠিত হবে নতুন মুখ্যমন্ত্রীর সরকারের শপথস্বগ্রহণ ৩ এর পাতায় দেখুন

পশ্চিমবঙ্গে রাজ্যজুড়ে নির্বাচন পরবর্তী সহিংসতা, নিহত ৪

কীর্তনখোলা ডেস্ক

পশ্চিমবঙ্গ বিধানসভা নির্বাচনের ফল ঘোষণার পর রাজ্যজুড়ে ছড়িয়ে পড়া সহিংসতায় মঙ্গলবার রাত পর্যন্ত অন্তত চারজন রাজনৈতিক কর্মীর মৃত্যুর খবর পাওয়া গেছে। নিহতদের মধ্যে দুজন বিজেপি এবং দুজন তৃণমূল

কংগ্রেসের কর্মী। একাধিক ঘটনায় জড়িত সন্দেহে বেশ কয়েকজনকে গ্রেপ্তার করেছে পুলিশ। তাদের মধ্যে কয়েকজনকে বাংলাদেশ সীমান্ত এলাকা থেকে আটক করা হয়েছে বলে জানা গেছে। সহিংসতা নিয়ন্ত্রণে গিয়ে গুলিবর্ষ হয়েছে

দুই পুলিশ সদস্য ও তিনজন বিএসএফ জওয়ান। উত্তর ২৪ পরগনার সন্দেহখালি এলাকায় সংঘর্ষ থামতে গেলে এই ঘটনা ঘটে। আহতদের হাসপাতালে ভর্তি করা হয়েছে এবং তারা শঙ্কামুক্ত বলে জানা গেছে। প্রথম হত্যার ৩ এর পাতায় দেখুন

হাটের একমাত্র সেতু ভেঙে যানবাহন চলাচল বন্ধ, দুর্ভোগ

আগৈলঝাড়া প্রতিনিধি

বরিশালের আগৈলঝাড়ায় একটি আয়রন সেতু ভেঙে পড়ায় যানবাহন চলাচল বন্ধ হয়ে গেছে। এতে শিক্ষার্থীসহ স্থানীয় লোকজন চরম দুর্ভোগে পড়েছেন। ঘটনাটি ঘটে উপজেলার বাগধা ইউনিয়নের আশুর কালীবাড়ি নতুন হাটসংলগ্ন এলাকায়। স্থানীয় সূত্রে জানা গেছে, ১০-১২ বছর আগে নির্মিত সেতুটির মাঝখানের অংশ তিন-চার বছর পর থেকে



দেবে যেতে শুরু করে। দুই বছর আগে বিষয়টি লিখিতভাবে উপজেলা নির্বাহী কর্মকর্তাকে (ইউএনও) জানানো হলেও কোনো কার্যকর ব্যবস্থা নেওয়া হয়নি। সর্বশেষ মঙ্গলবার (৫ মে) দিবাগত রাত্রে মালবোঝাই একটি নছিম সেতুর ওপর উঠলে সেটির মাঝের ৩ এর পাতায় দেখুন

সীতাকুণ্ডে আমতলীর হত্যা মামলার দুই পলাতক আসামি গ্রেফতার

আমতলী প্রতিনিধি

চট্টগ্রামের সীতাকুণ্ডে অভিযান চালিয়ে বরগুনার আমতলী থানার একটি হত্যা মামলার দুই পলাতক আসামিকে গ্রেফতার করেছে র‍্যাব। মঙ্গলবার (৫ মে) রাত কোঁদলারহাটের উত্তর সলিমপুর এলাকায় এ অভিযান পরিচালিত হয়। র‍্যাব-৭ চট্টগ্রাম জালায়, গোপন সংবাদের ভিত্তিতে তারা জানতে পারে, আমতলী থানার মামলা নম্বর-১৩ (তারিখ: ২১ এপ্রিল ২০২৬) এর এজাহারভুক্ত ১২ ও ১৩ নম্বর আসামি চট্টগ্রামের সীতাকুণ্ড এলাকায় অবস্থান করছে। পরে র‍্যাব-৭, চট্টগ্রাম ও র‍্যাব-৮, বরিশালের যৌথ অভিযানিক ৩ এর পাতায় দেখুন



পটুয়াখালীতে খাল খনন প্রকল্পের উদ্বোধন ব্যাংকে জমা হবে শ্রমিকদের মজুরি

পটুয়াখালী প্রতিনিধি

পটুয়াখালী জেলা প্রশাসক (কটন দায়িত্ব) ও স্থানীয় সরকার বিভাগের উপপরিচালক জুয়েল রানা বলেছেন, বছরের পর বছর জলাবদ্ধতা, পানি নিষ্কাশন সংকট ও কৃষি অনিশ্চয়তায় ভোগা পটুয়াখালীর মানুষের জন্য ‘স্বস্তির বার্তা’ নিয়ে শুরু হয়েছে বৃহৎ খাল পুনর্গঠন কার্যক্রম। এই উদ্যোগে যেমন জনজীবনে পরিবর্তনের আশা তৈরি হয়েছে, তেমনি কর্মসংস্থান ও আর্থিক সুবিধার নতুন সুযোগও সৃষ্টি হয়েছে। এই প্রকল্পের আওতায় খাল খননের কাজে নিয়োজিত শ্রমিকদের পারিশ্রমিক সরাসরি তাদের ব্যাংক হিসাবে জমা হবে। তাই মধ্যস্বত্বভোগী বা হয়রানি হওয়ার ভয় নেই। এতে প্রান্তিক জনগোষ্ঠী বহুমাত্রিক সুবিধা পাবে। বুধবার (৬ মে) সকালে পটুয়াখালী সদর উপজেলার কলাপুর্ন ইউনিয়নের ৭ নম্বর ৩ এর পাতায় দেখুন

র‍্যাব পরিচয়ে স্বর্ণ ব্যবসায়ীকে অপহরণ চেষ্টা, আসামি গ্রেপ্তার

বাউফল প্রতিনিধি

র‍্যাব পরিচয়ে স্বর্ণ ব্যবসায়ীকে অপহরণ চেষ্টার মামলার আসামি আশমগিরকে পটুয়াখালীর বাউফল থেকে গ্রেপ্তার করেছে র‍্যাব। মঙ্গলবার বিকালে র‍্যাব-৮ ও র‍্যাব-৬ এর এক অভিযানের মাধ্যমে তাকে গ্রেপ্তার করা হয়। মামলার এজাহারে জানা যায়, মামলার বাদী কৃষ্ণ কর্মকার একজন স্বর্ণ ব্যবসায়ী। তার পুত্র আলেক্সার হাউজ নামে একটি জুয়েলারি দোকান রয়েছে। তিনি গত ২৩ এপ্রিল রাত আনুমানিক ২ ঘটিকার সময় জুয়েলারি দোকান বন্ধ করে নিজ বাড়ির উদ্দেশ্যে রওনা হন। ওইদিন সিকিরবাজার দাসবাড়ি এলাকায় কয়েকজন লোক নিজেদের র‍্যাব পরিচয় ৩ এর পাতায় দেখুন

পশ্চিমবঙ্গের নতুন সরকারের শপথ ৯ মে মুখ্যমন্ত্রীর নাম গোপন রাখছে বিজেপি

কীর্তনখোলা ডেস্ক

পশ্চিমবঙ্গ সরকার গঠনের প্রস্তুতি জোরকদমে শুরু করে দিয়েছে বিজেপি। তারা ঘোষণা করেছে, আগামী ৯ মে (২৫ বৈশাখ) কলকাতার ঐতিহাসিক ব্রিগেড গ্রাউন্ডে অনুষ্ঠিত হবে নতুন মুখ্যমন্ত্রীর সরকারের শপথস্বগ্রহণ ৩ এর পাতায় দেখুন



ঘুষ দিয়েও হয়নি কাজ, কান্নায় ভেঙে পড়লেন প্রবাসীর স্ত্রী

নেছারাবাদ প্রতিনিধি

পিরোজপুর নেছারাবাদের স্বরূপকাঠি পৌরসভায় বাড়ি নির্মাণের অনুমোদন পেতে গিয়ে এক বছরের বেশি সময় ধরেও কোনো সমাধান না পেয়ে নির্বাহী প্রকৌশলীর অফিসে বসেই কান্নায় ভেঙে পড়েছেন এক সৌদি প্রবাসীর স্ত্রী। অভিযোগ রয়েছে, ফাইল এগিয়ে নিতে ধাপে ধাপে বিভিন্ন টেবিলে টাকা দেওয়ার ৩ এর পাতায় দেখুন

মুলাদীতে গৃহবধূকে ধর্ষণচেষ্টা মামলায় কারাগারে ১

মুলাদী প্রতিনিধি

বরিশালের মুলাদীতে গৃহবধূকে ধর্ষণচেষ্টা মামলায় মিন্টু কাজী (৪৫) নামের এক ব্যক্তিকে গ্রেপ্তার করে কারাগারে পাঠিয়েছে পুলিশ। মঙ্গলবার রাত্রে তাকে গ্রেপ্তার করে বুধবার সকালে কারাগারে পাঠানো হয়। মিন্টু কাজী উপজেলার চরকালোখান ইউনিয়নের শাহজাহান কাজীর ছেলে। মঙ্গলবার রাত সাড়ে ৮টার দিকে চরকালোখান গ্রামের এক গৃহবধূ (২৪) বাদী হয়ে মিন্টু কাজীর বিরুদ্ধে ধর্ষণচেষ্টা মামলা করেন। রোববার (৩ মে) সন্ধ্যা ৭টার ৩ এর পাতায় দেখুন



ভোলায় অস্ত্রসহ আটক বিএনপি নেতার মুক্তির দাবিতে বিক্ষোভ

ভোলা প্রতিনিধি

ভোলায় অস্ত্র ও গুলিসহ আটক বিএনপি নেতা জাকির ফরাজির (৪২) মুক্তির দাবীতে ভোলা-চরফ্যাশন আঞ্চলিক মহাসড়ক অবরোধ করে বিক্ষোভ করেছেন এলাকাবাসী। এ সময় তারা বিভিন্ন রকম স্লোগান দেন। বুধবার (০৬ এপ্রিল) সকালে ভোলায় উপশহর বাংলাবাজার এলাকায় সড়কে টায়ার জ্বালিয়ে প্রায় ঘটাব্যাপী এ বিক্ষোভ করেন তারা। এরঅগ্ণে তার মুক্তির দাবীতে থানা ফটকের সামনে অবস্থান নেন জাকির ফরাজির সমর্থিত ৩ এর পাতায় দেখুন



বোরহানউদ্দিনে গাঁজা ও ইয়াবাসহ মাদক ব্যবসায়ী গ্রেফতার

বোরহানউদ্দিন প্রতিনিধি

ভোলা জেলার বোরহানউদ্দিন উপজেলায় মাদকবিরোধী বিশেষ অভিযানে বড় সাফল্য পেয়েছে থানা পুলিশ। বোরহানউদ্দিন থানা অফিসার ইনচার্জ (ওসি) মনিরুজ্জামানের নেতৃত্বে পরিচালিত অভিযানে কুখ্যাত মাদক ব্যবসায়ী মোঃ সিরাজ সিকদার (৪৫) কে গ্রেফতার করা হয়েছে। পুলিশ সূত্রে জানা যায়, গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে তাকে নিজ এলাকা পদ্মনাথ ইউনিয়নের ৬ নং ওয়ার্ড থেকে আটক করা হয়। এ সময় ৩ এর পাতায় দেখুন

বিসমিল্লাহির রাহমানির রাহিম

কম্পিউটারের সবকিছুই আপনার নাগালে

ঈশিতা কম্পিউটার

All Kinds Of Computer Solution, Accessories Selling, Training & Digital Photography

উপজেলা রোড, আগৈলঝাড়া, বরিশাল। মোবাইল: ০১৭১৫২১৩৪৪৬

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহমেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় : সৌরভ লজ, গোড়াটান দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtanxhola@gmail.com